



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাও, ঢাকা
ওয়েব সাইট: www.ecs.gov.bd

তারিখ: ২৫ জুলাই, ২০২১

শোক বার্তা

জনাব মোহাঃ ইসরাইল হোসেন, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট করোনা আক্রান্ত হয়ে ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ বিকল ৩টায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৫ বছর।

জনাব মোহাঃ ইসরাইল হোসেন এর মৃত্যুতে বাংলাদেশে নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করছে এবং মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে। মহান আল্লাহ জনাব ইসরাইল হোসেনকে বেহেস্ত নসিব করুন এবং তার শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের শোক সহ্য করার ক্ষমতা দান করুন। আমীন।

জনাব মোহাঃ ইসরাইল হোসেন ১৯৯৬ সালে সহকারী সচিব হিসেবে নির্বাচন কমিশন সচিবালয়ে যোগদান করেন। নির্বাচন কমিশন সচিবালয়ের বিভিন্ন শাখা/অধিশাখায় দায়িত্বপালনসহ রংপুর, ময়মনসিংহ ও সিলেটে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। জনাব ইসরাইল হোসেন ১৯৬৬ সালে চাপাইনবাবগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ পুত্র, ১ কন্যা ও অসংখ্য বন্ধু-বান্ধব আত্মীয়-স্বজন রেখে গেছেন।

(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (সিসি)
ফোন: ৫৫০০৭৫২০